

NYC পাবলিক স্কুলস্-এ কী ঘটছে

Shiko këtë dokument në shqip

عرض هذه الوثيقة باللغة العربية

এই নথিটি বাংলা ভাষায় দেখুন

查看本文件的简体中文版本

查看本文件的繁體字中文版本

Consultez ce document en français

Gade dokiman sa a an Kreyòl ayisyen

이 문서를 한국어로 보십시오

Документ на русском языке

Consulte este documento en español

Переглянути цей документ українською мовою

اس دستاویز کو اردو میں ملاحظہ کریں

Ushbu hujjatni ichida ko'ring O'zbek

schools.nyc.gov/MessagesForFamilies

ফেব্রুয়ারি 2026

এই পরিবারের জন্য সর্ব-সাম্প্রতিক তথ্য রয়েছে 2026-এর হেমন্তের (ফল) জন্য নিউ ইয়র্ক সিটি পাবলিক স্কুলস্-এর (NYCPS) প্রি-k এবং 3-K-এর ভর্তি প্রক্রিয়া, 2026 NYC স্কুল সংক্রান্ত জরিপ, এবং ফেব্রুয়ারির কার্যক্রম: জলবায়ু রক্ষা কার্যক্রম দিবস (ক্লাইমেট অ্যাকশন ডে), এবং সবার জন্য মর্যাদা (রেস্পেক্ট ফর অল) সম্পর্কে গুরুত্বপূর্ণ তথ্য।

বিষয়সূচি

- ভর্তি সংক্রান্ত গুরুত্বপূর্ণ তারিখসমূহ
- ফেব্রুয়ারির অনুষ্ঠান এবং অনুস্মারকসমূহ
- 2026 NYC স্কুল সংক্রান্ত জরিপ

2026-এর হেমন্তের (ফল) জন্য ভর্তি সংক্রান্ত গুরুত্বপূর্ণ তারিখসমূহ

শুক্রবার, 23 ফেব্রুয়ারী, 2026 তারিখের মধ্যে MySchools.nyc.gov-এ আপনার 3-K এবং/অথবা প্রি-K-তে ভর্তির আবেদন জমা দিতে ভুলবেন না! যদি আপনার সন্তান 2023 সালে জন্মগ্রহণ করে থাকে, তবে সে এই হেমন্তে (ফল) 3-K-তে অংশগ্রহণ করতে পারে। যদি আপনার সন্তান 2022 সালে জন্মগ্রহণ করে থাকে, তবে সে এই হেমন্তে (ফল) প্রি-K-তে অংশগ্রহণ করতে পারে।

বিনাখরচের 3-K এবং প্রি-K শিক্ষা, কীভাবে একটি প্রোগ্রাম খুঁজে পাওয়া যায়, এবং কীভাবে আবেদন করা যায় সে সম্পর্কে আরও জানতে schools.nyc.gov/3K অথবা schools.nyc.gov/PreK দেখুন, এবং schools.nyc.gov/ESEvents-এ ভর্তি সংক্রান্ত ভার্চুয়াল অনুষ্ঠানগুলোর একটি খুঁজে নিন।

2026 NYC স্কুল সংক্রান্ত জরিপ

9 ফেব্রুয়ারী, 2026 থেকে শুরু করে NYCPS বার্ষিক NYC স্কুল সংক্রান্ত জরিপের আয়োজন করবে। NYCPS-এর 6-12 গ্রেডের শিক্ষার্থীবৃন্দ এবং পরিবারেরা আমাদের পাবলিক স্কুলগুলোতে তাদের অভিজ্ঞতা সম্পর্কে সরাসরি মতামত প্রদান করতে পারেন। আপনার গোপনীয় জরিপের জবাবগুলো আপনার স্কুলকে সেটার শিক্ষার্থী, শিক্ষাবিদ, ও কমিউনিটির সদস্যদের চাহিদা আরও ভালোভাবে বুঝতে এবং তাদের শিক্ষা-পরিবেশ, পাঠ্যক্রম, সহায়তা পরিষেবা এবং আরও অনেক কিছু উন্নতি করতে সহায়তা দেয়।

9 ফেব্রুয়ারি থেকে শুরু হওয়া জরিপটি পূরণ করতে, nycschoolssurvey.org দেখুন অথবা [schoolsaccount.nyc](https://schoolsaccount.nyc.gov) -এ আপনার নিউ ইয়র্ক সিটি স্কুলস অ্যাকাউন্টে (NYCSA) লগ ইন করুন। এছাড়াও আপনি কাগজে বা অনলাইনে এটি পূরণের নির্দেশাবলী সহ জরিপের একটি মুদ্রিত কপি পাবেন। 2026-এর জরিপটি 01 এপ্রিল, 2026 সমাপ্ত হবে। আরও জানতে NYCSchoolSurvey.org দেখুন।

ফেব্রুয়ারির অনুষ্ঠান এবং অনুস্মারকসমূহ

- আমাদের “জ্বালানি” বিষয়ক জলবায়ু রক্ষা কার্যক্রম দিবস (এনার্জি ক্লাইমেট অ্যাকশন ডে) হলো 4 ফেব্রুয়ারি! বিভিন্ন মজার কর্মকাণ্ড schools.nyc.gov/ClimateAction -এ খুঁজে পাবেন।
- 'সবার জন্য মর্যাদা' (রেসপেক্ট ফর অল, RFA) সপ্তাহটি হলো 9-13 ফেব্রুয়ারি, 2026! বিশ্বাস অথবা পটভূমিতে ভিন্ন থাকুক কী না থাকুক, একে অপরের প্রতি কৃতজ্ঞতা তুলে ধরার বিভিন্ন সৃজনশীল আইডিয়ার জন্য schools.nyc.gov/RespectForAll দেখুন।
- 16-20 ফেব্রুয়ারি, 2026 তারিখ মধ্য শীতের ছুটি উপলক্ষ্যে স্কুল বন্ধ থাকবে।